★(12)5001-(01)●-(NS)

# বাংলা

## 'ক' ভাষা

## ( নতুন পাঠক্রম )

২০২২

## PART-A

মোট সময় : ৩ ঘন্টা ১৫ মিনিট ] [ পূর্ণমান : ৮০

| *পরীক্ষার্থীদের জন্য নির্দেশ :* |
|---|
| **1.** *পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।* |
| **2.** *বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে।* |
| **3.** *উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে।* |

PART-A

## বিভাগ – ক

( নম্বর : ৫০ )

১. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

১.১ "এ সংসারে সব কিছুই চলে বড়ো পিসিমার নিয়মে।" — বড়ো পিসিমা কে ? গল্পে তার চরিত্রের কী পরিচয় পাওয়া যায় ? ১ + ৪

১.২ "সেই সময় এল এক বুড়ি।" — লেখক বুড়ির সম্পর্কে যে বর্ণনা দিয়েছেন তা নিজের ভাষায় লেখো। ৫

২. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

২.১ "আরোগ্যের জন্য ঐ সবুজের ভীষণ দরকার" — 'ঐ সবুজ' বলতে কবি কী বুঝিয়েছেন ? সেই সবুজকে পাওয়ার জন্য কবি কী কী নির্দেশ দিয়েছেন ? ১ + ৪

২.২ "আমি তা পারি না।" — কবি কী পারেন না ? "যা পারি কেবল" — কবি কী পারেন ? ৩ + ২

NEUCADEMY



৩. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৩.১ "আমি রোজ লুকিয়ে লুকিয়ে গ্রিনরুমে ঘুমোই চাটুজ্জেমশাই — কেউ জানে না" — কোন্ নাটকের অংশ ? বক্তা কে ? তিনি কেন গ্রিনরুমে ঘুমোন ? ১ + ১ + ৩

৩.২ "জীবন কোথায় ?" — কে, কাকে বলেছেন ? বক্তা জীবনকে কোথায় খুঁজে পাওয়া যাবে বলে মনে করেন ? ১ + ১ + ৩

৪. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৪.১ "অবাক-বিহ্বল বসে আছি, মুখে কথা নেই।" — মুখে কথা নেই কেন ? ৫

৪.২ "কে আবার গড়ে তুলল এতবার ?" — কী গড়ে তোলার কথা বলা হয়েছে ? এই প্রশ্নের মাধ্যমে কবি কী বলতে চেয়েছেন ? ১ + ৪

৫. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৫.১ "এ-অঞ্চলের গারোদের ঘর দূর থেকে দেখলেই চেনা যায়" — কোন্ অঞ্চলের কথা বলা হয়েছে ? গারোদের ঘর কেমন তার বিবরণ দাও। ১ + ৪

৫.২ "জেলখানাটা পাহাড়ের তিনতলা সমান একটা হাঁটুর ওপর।" — কোন্ জেলখানা ? সেখানে সাধারণ কয়েদিদের ওপর কীরকম অত্যাচার করা হত ? ১ + ৪

৬. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৬.১ বিভাজ্য ধ্বনি কাকে বলে ? দুটি বিভাজ্য ধ্বনির পরিচয় দাও। ১ + ২ + ২

৬.২ ফলিত ভাষাবিজ্ঞানের বিভিন্ন শাখাগুলির উল্লেখ করে যে-কোনো একটি শাখার আলোচনা করো। ২ + ৩

৭. অনধিক ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ২ = ১০

৭.১ বাঙালির বিজ্ঞান ভাবনা ও বিজ্ঞান চর্চার ইতিহাসে জোড়াসাঁকো ঠাকুরবাড়ির অবদান আলোচনা করো। ৫

৭.২ বাংলা ক্রিকেটের ধারায় সারদারঞ্জন রায়চৌধুরীর অবদান আলোচনা করো। ৫

৭.৩ চিত্রকলা-চর্চায় শিল্পাচার্য নন্দলাল বসুর স্থান নিরূপণ করো। ৫

৭.৪ বাংলা চলচ্চিত্রের ধারায় পরিচালক ঋত্বিক ঘটকের অবদান আলোচনা করো। ৫




https://neucademy.com/

**☆(12)5001-(01)⊚-(NS)**

৮. নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নির্বাচন করে, নির্দেশানুসারে কমবেশি ৪০০ শব্দে একটি প্রবন্ধ রচনা করো : ১০ × ১ = ১০

৮.১ নিম্নে প্রদত্ত মানস-মানচিত্র অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :




৮.২ প্রদত্ত অনুচ্ছেদটিকে প্রস্তাবনা বা ভূমিকাস্বরূপ গ্রহণ করে বিষয়ের গভীরে প্রবেশ করে, পরিণতি দানের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ রচনা করো :

**নতুন মাস্টারমশাই**

শ্রেণিতে যে সব বই নিয়ম করেই পড়তে হয়, মাস্টারমশাইরা যত্ন করেই তা পড়িয়ে দেবেন ; এটুকু তো প্রত্যাশিতই। মনকে নিশ্চয় একটু একটু করে শিক্ষিত স্তরে পৌঁছে দেয় সে সব পড়াশোনা। কিন্তু ছোটদের মনকে অনেকখানি বাড়তি সজীবতা দেয় মাস্টারমশাইদের এই প্রথা ভাঙবার সাহস। পাঠ্যরেখার স্থিরতার মধ্য থেকে মাঝে মাঝে হঠাৎ যদি কোনো কিশোর মনকে তাঁরা চালিয়ে দেন কোনো অভাবনীয়ের দিকে, কোনো স্বপ্নের দিকে, কোনো চ্যালেঞ্জের দিকে, তাহলে সে মন হয়তো অনেকদিনের পুষ্টি পেয়ে যায়, পেয়ে যায় কোনো নতুন জগতের আনন্দ।

৮.৩ প্রতিপক্ষের যুক্তির দুর্বলতা প্রমাণ করে স্বপক্ষে যুক্তিবিন্যাস করে প্রবন্ধ রচনা করো :

**বিতর্কের বিষয় : 'ক্লাসরুম' শিক্ষার পরিপূরক 'অনলাইন এডুকেশন'।**

পক্ষে : দীর্ঘ বিদ্যালয় বিরতিতে ছাত্রছাত্রীদের গৃহবন্দী জীবনের একমাত্র মাধ্যম 'অনলাইন এডুকেশন'। এই ব্যবস্থার উৎসাহদাতা বা কার্যকারিতার কৃতিত্ব কিছুটা হলেও করোনা পরিস্থিতি। নার্সারি থেকে উচ্চতর শিক্ষা কার্যত নির্ভরশীল হয়ে পড়েছে এই সমান্তরাল শিক্ষাপদ্ধতিতে। শহর তথা উচ্চবিত্ত পরিবারের ক্ষেত্রে এই শিক্ষা মাধ্যমের উপযোগিতা অপরিসীম।

বিপক্ষে : আর্থ-সামাজিক বৈষম্যের কারণে এই সমান্তরাল শিক্ষা মাধ্যম দেশের গ্রাম্যজীবনের ক্ষেত্রে পরিপূরক নয়। আচার্য বা শিক্ষকের সান্নিধ্য গ্রহণে যে অজ্ঞানের তিমির দূর হয় তার অভাব এই শিক্ষা পূরণ করতে পারে না। 'অনলাইন' শিক্ষামাধ্যমে শিক্ষার মূলশর্ত থেকে বিদ্যার্থীরা বঞ্চিত হবে। বিকাশের পথ ও লক্ষ্য পরিপূর্ণতা পাবে না।



https://neucademy.com/

NEUCADEMY



৮.৪ প্রদত্ত সূত্র ও তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :

সৈয়দ মুজতবা আলি (১৯০৪-১৯৭৪)

- জন্ম : ১৯০৪ খ্রীঃ ১৩ সেপ্টেম্বরে অবিভক্ত ভারতবর্ষের শ্রীহট্টের অন্তর্গত করিমগঞ্জে।
- পিতা : সৈয়দ সিকান্দার আলি।
- শিক্ষা : সিলেট গভর্ণমেন্ট হাইস্কুলে পড়াশোনা শুরু। পরে শান্তিনিকেতনে এসে উচ্চতর বিদ্যার্জন ও রবীন্দ্রনাথের সান্নিধ্যলাভ।

  স্নাতকোত্তর আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়। গবেষণা — বন বিশ্ববিদ্যালয়, জার্মানী।

  গবেষণার বিষয় : তুলনামূলক ধর্মতত্ত্ব। বাংলা, ইংরাজি, সংস্কৃত, আরবী, জার্মান, ফরাসী, পারসিক এবং হিন্দুস্তানী ভাষায় তাঁর সর্বোচ্চ স্তরের দক্ষতা ছিল। এছাড়া আরো আটটি ভাষার সঙ্গে তাঁর পরিচিতি ছিল।
- ভ্রমণ, বাস, কর্মজীবন: কাবুল বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষক জীবন শুরু করে পৃথিবীর অজস্র খ্যাতনামা শিক্ষাপীঠে তিনি শিক্ষাদান করেছেন। কায়রো, করাচি থেকে ইউরোপ যেখানেই তিনি গিয়েছেন, মাতৃভাষা বাংলাকে তিনি ভুলতে পারেন নি, চানও নি। করাচি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ আজও সক্রিয় এবং সেখানেও প্রাচীন বাংলার পুথি রক্ষিত আছে, মূলত তাঁরই উদ্যোগে।
- গ্রন্থ : দেশে-বিদেশে, পঞ্চতন্ত্র (১ম ও ২য়), চাচা কাহিনী, ময়ূরকণ্ঠী, অবিশ্বাস্য, জলে-ডাঙায়, ধূপছায়া, দ্বন্দ্ব-মধুর, শবনম, ভবঘুরে ও অন্যান্য, বহু বিচিত্রা, রাজা-উজীর, কত না অশ্রুজল, গুরুদেব ও শান্তিনিকেতন।
- রচনা বৈশিষ্ট্য : হাস্যরসোজ্জ্বল, ভাবগম্ভীর, পাণ্ডিত্যের স্বতঃ প্রকাশে বাংলার চিরকালের গদ্যসাহিত্যের উজ্জ্বল রত্ন। বাংলার প্রতিভাবানদের নিত্যসভায় তাঁর অমর আসন।

=============



https://neucademy.com/

NEUCADEMY

**★(12)5001-(01)●-(NS)**

নাম : ..........................................................................................................

রোল : | | | | | | |        নম্বর : | | | | |

রেজিস্ট্রেশন নম্বর : | | | | | | | | | | |

মোট সময় : ৩ ঘন্টা ১৫ মিনিট ]        [ পূর্ণমান : ৮০

# PART-B

## বাংলা
## 'ক' ভাষা
## ( নতুন পাঠক্রম )
## ২০২২

প্রশ্নসহ উত্তর পুস্তিকা

বিভাগ - খ

( নম্বর : ৩০ )

বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলী এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী ( ১ নম্বরের )

| | Marks Awarded | | |
|---|---|---|---|
| | MCQ | | ....................................<br>পরীক্ষকের স্বাক্ষর<br>**Signature of the Examiner** |
| ....................................<br>ইনভিজিলেটরের স্বাক্ষর<br>**Signature of the Invigilator** | SAQ | | **Awarded marks must be posted in the cage provided on the First page of the main Answer Script of the candidate.** |
| | Total | | |

**Instructions to Candidates has been provided at Page-2 of this Question-cum-Answer Booklet.**



https://neucademy.com/

NEUCADEMY



**BEFORE ATTEMPTING THE QUESTIONS READ INSTRUCTIONS CAREFULLY.**

*পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলী :*

১. পরীক্ষার্থীরা সংসদের দেওয়া প্রবেশপত্র অনুসারে প্রশ্নসহ উত্তর পুস্তিকার ওপর তাদের পূর্ণ নাম, রোল নম্বর এবং **রেজিস্ট্রেশন নম্বর** লিখবে ( ভুল লিখলে উত্তর পুস্তিকাটি বাতিল বলে গণ্য হতে পারে )। প্রশ্নসহ উত্তর পুস্তিকার নির্দিষ্ট জায়গায় পরীক্ষাকেন্দ্র তত্ত্বাবধায়কের স্বাক্ষর করিয়ে নেওয়া বাঞ্ছনীয়।

২. বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির প্রতিটি প্রশ্নের ডানদিকে একটি বাক্স দেওয়া আছে, তার মধ্যে ঠিক বিকল্পটি ( **ক, খ, গ অথবা ঘ** ) লিখতে হবে। সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির ( ১ নম্বরের ) প্রতিটি প্রশ্নের নীচে প্রদত্ত উত্তর লেখার জন্য নির্দিষ্ট স্থানের মধ্যেই উত্তর দিতে হবে, অন্যত্র নয়।

৩. **পরীক্ষা শেষ হলে মূল উত্তরপত্রের সাথে এই প্রশ্নসহ উত্তর পুস্তিকাটি অবশ্যই জুড়ে দিতে হবে।**

১. ঠিক বিকল্পটি নির্বাচন করো ( যে কোনো আঠারোটি প্রশ্নের উত্তর দাও ): ১ × ১৮ = ১৮

১.১ "সবাই আবিষ্কার করল" —

(ক) ভারতবর্ষ (খ) বটতলায় বুড়ির অসাড় দেহ

(গ) শকুনের ঝাঁক (ঘ) পড়ে থাকা পুঁটলি। ☐

১.২ গোবর গুহের নাম কোন্ খেলার —

(ক) কুস্তি (খ) ব্রতচারী

(গ) তিরন্দাজি (ঘ) কবাডি। ☐

১.৩ বিভাজ্য ধ্বনির অপর নাম —

(ক) যুক্তধ্বনি (খ) পার্শ্বিক ধ্বনি

(গ) খণ্ড ধ্বনি (ঘ) তাড়িত ধ্বনি। ☐



https://neucademy.com/

NEUCADEMY



১.৪ 'ডাওর' কথাটির অর্থ —

(ক) ভদ্রলোক (খ) ছোটলোক

(গ) শহরের লোক (ঘ) গ্রামের লোক। ☐

১.৫ 'ভাত' গল্পে বুড়ো কর্তার যা রোগ হয়েছিল —

(ক) যক্ষ্মা (খ) ম্যালেরিয়া

(গ) টাইফয়েড (ঘ) ক্যান্সার। ☐

১.৬ বড়ো বাড়ির হোম-যজ্ঞি করতে এসেছিল —

(ক) বেদজ্ঞ পণ্ডিত (খ) শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ

(গ) কুল-পুরোহিত (ঘ) তান্ত্রিক। ☐

১.৭ বাংলায় বিজ্ঞান রচনায় পথিকৃৎ পত্রিকা হল —

(ক) সমাচার দর্পণ (খ) তত্ত্ববোধিনী পত্রিকা

(গ) দিগ্‌দর্শন (ঘ) প্রাকৃতিক বিজ্ঞান। ☐

১.৮ যে অব্যয় শব্দের শুরুতে বসে তার অর্থ পরিবর্তন করে তাকে বলা হয় —

(ক) বিভক্তি (খ) উপসর্গ

(গ) প্রত্যয় (ঘ) অনুসর্গ। ☐

১.৯ "তুলসী লাহিড়ির 'পথিক' নাটক থেকে বলি — (ফিল্মি ঢঙে) 'আমি তো চললাম ..." — বক্তা কে ?

(ক) বৌদি (খ) শম্ভু

(গ) অমর (ঘ) সার্জেন্ট। ☐



https://neucademy.com/

১.১০ অবনীন্দ্রনাথ ঠাকুরের একটি বিখ্যাত ছবি

(ক) টুয়েলভ ইংক স্কেচেস (খ) হলকর্ষণ

(গ) শ্বেত অভিসারিকা (ঘ) উড্ডস। ☐

১.১১ "শাহজাদি ! সম্রাটনন্দিনী ! মৃত্যু ভয় দেখাও কাহারে" — কোন্ নাটকের অংশ ?

(ক) সাজাহান (খ) মেবার পতন

(গ) রিজিয়া (ঘ) চন্দ্রগুপ্ত। ☐

১.১২ রামব্রীজকে রজনীবাবু কত টাকা বক্‌শিশ দিয়েছিলেন ?

(ক) এক টাকা (খ) তিন টাকা

(গ) চার টাকা (ঘ) দুই টাকা। ☐

১.১৩ 'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন' কবিতাটি বাংলায় অনুবাদ করেছেন —

(ক) অনিন্দ্য সৌরভ (খ) মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়

(গ) শঙ্খ ঘোষ (ঘ) উৎপলকুমার বসু। ☐

১.১৪ 'কাল্পনিক যুদ্ধ'-এর মৃত্যুকে নাট্যকার বলেছেন —

(ক) ইসথেটিক মরা (খ) অস্বাভাবিক মরা

(গ) খুব রোমান্টিক (ঘ) অদ্ভুত মরা। ☐



https://neucademy.com/

NEUCADEMY



১.১৫ "উঃ কী শীত — সব আছে শুধু ..." — কী নেই ?

(ক) মানুষ নেই (খ) আলো নেই

(গ) লোকজন নেই (ঘ) শীতের পোষাক নেই। ☐

১.১৬ "স্টেশনমাস্টারের কাছে আবেদন জানানো হল।" — কীসের আবেদন জানানো হল ?

(ক) ট্রেনটাকে চালানোর (খ) ট্রেনটাকে থামানোর

(গ) নতুন ট্রেনের ব্যবস্থা করার (ঘ) ট্রেনটাকে বাতিল করার। ☐

১.১৭ "এ গল্প গ্রামে সবাই শুনেছে" — গল্পটা হল —

(ক) বাসিনীর মনিব বাড়িতে হেলাঢেলা ভাত

(খ) বাসিনীর মনিব খুব ভালো লোক

(গ) বাসিনীর মনিব সতীশবাবুর আত্মীয়

(ঘ) বাসিনীর মনিব বাড়িতে লোকের মেলা। ☐

১.১৮ "হেড পণ্ডিত ইস্কুলে আমাকে প্রমোশন দেননি।" — কারণ —

(ক) সংস্কৃতে বারো পেয়েছিলাম (খ) সংস্কৃতে ফেল করেছিলাম

(গ) সংস্কৃতে দশ পেয়েছিলাম (ঘ) সংস্কৃতে তেরো পেয়েছিলাম। ☐

১.১৯ চাষাভুষো মানুষ চায়ের দোকানে আড্ডা দিতে-দিতে প্রতীক্ষা করছিল —

(ক) গরম চায়ের (খ) রোদ ঝলমল একটা দিনের

(গ) নীল উর্দিপরা চৌকিদারের (ঘ) শহরে যাওয়ার বাসের। ☐



https://neucademy.com/

NEUCADEMY



১.২০ কী উচ্ছবকে বড়ো উতলা করে ?

(ক) বাদার চালের গন্ধ (খ) যজ্ঞ শেষে ভাত পাবার আশা

(গ) বউ-ছেলেমেয়ের কথা (ঘ) ফুটন্ত ভাতের গন্ধ।

১.২১ "নিহত ভাইয়ের শবদেহ দেখে / না-ই যদি হয়" —

(ক) রোষ (খ) ক্ষোভ

(গ) রাগ (ঘ) ক্রোধ।

১.২২ থুখুড়ে ভিখিরি বুড়ির গায়ে জড়ানো —

(ক) চিটচিটে তুলোর কম্বল (খ) ছেঁড়া কাপড়

(গ) নোংরা চাদর (ঘ) দামী শাল।

১.২৩ "রক্তের অক্ষরে দেখিলাম" — কী দেখলেন ?

(ক) আপনার স্বপ্ন (খ) আপনার জগৎ

(গ) আপনার বেদনা (ঘ) আপনার রূপ।

১.২৪ "মেঘমদির মহুয়ার দেশ" আছে —

(ক) খুব, খুব কাছে (খ) অনেক, অনেক দূরে

(গ) নিবিড় অরণ্যে (ঘ) প্রান্তরের শেষে।



https://neucademy.com/

NEUCADEMY



২. অনধিক ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো বারোটি প্রশ্নের উত্তর দাও) : ১ × ১২ = ১২

২.১ অবিভাজ্য ধ্বনি কাকে বলে ?

উত্তর :

২.২ "একজন ঠাণ্ডা মাথায় বলল" — কী বলেছিল ?

উত্তর :

২.৩ সমাজ ভাষা বিজ্ঞানের সংজ্ঞা দাও।

উত্তর :

২.৪ সংক্ষেপিত পদ বা ক্লিপিংস কী ?

উত্তর :



https://neucademy.com/

২.৫ 'Dictionary' শব্দটি কবে কোথায় পাওয়া যায় ?

উত্তর :

২.৬ "তারা থাকত কোন্ বাসায় ?" — কাদের কথা বলা হয়েছে ?

উত্তর :

২.৭ "এমনি এলাম — একেবারে এমনি নয় ..." — কে, কোথায় এসেছিলেন ?

উত্তর :

২.৮ "তমে ঘোড়া নেইকরি চঞ্চল খবর নেই আসিবি" — এই নির্দেশ কে, কাকে দিয়েছিল বলে 'বিভাব' নাটকে উল্লেখ করা হয়েছে ?

উত্তর :



https://neucademy.com/

NEUCADEMY



২.৯ "আমৃত্যুর দুঃখের তপস্যা এ জীবন" — কবি জীবনকে 'দুঃখের তপস্যা' মনে করেছেন কেন ?

উত্তর :

২.১০ "ঘুমহীন তাদের চোখে হানা দেয়" — কাদের চোখে কী হানা দেয় ?

উত্তর :

২.১১ বর্ধমানে কোন্ গান বেআইনি ?

উত্তর :

২.১২ প্রত্যয় কাকে বলে ?

উত্তর :



https://neucademy.com/

২.১৩ "ওই পাঁচ ভাগে ভাত হয়" — পাঁচ ভাগ বলতে কী বোঝানো হয়েছে ?

উত্তর :

২.১৪ শ্বাসাঘাত কাকে বলে ?

উত্তর :

২.১৫ স্যার উইলিয়াম জোন্‌স সংস্কৃত ভাষার সঙ্গে যে সব ভাষার প্রচুর মিল খুঁজে পেয়েছিলেন, তার মধ্যে দুটি ভাষার নাম লেখো।

উত্তর :

২.১৬ "রজনীবাবু ভয়ে চিৎকার করে পিছিয়ে যান।" — কাকে, কী অবস্থায় দেখে রজনীবাবু ভয় পেয়েছিলেন ?

উত্তর :



https://neucademy.com/

NEUCADEMY



২.১৭ 'তাতে বয়েসটা ঠিক বোঝা যায় না' — কার 'বয়েস' কেন বোঝা যায় না ?

উত্তর :

২.১৮ 'আমি কৌতূহলী হয়ে উঠি' — কী বিষয়ে বক্তা কৌতূহলী হয়ে ওঠেন ?

উত্তর :

২.১৯ "চন্নুরী রে ! তুইও খা" — কোন্ গল্পের অংশ ? 'চন্নুরী'র পরিচয় দাও।

উত্তর :

২.২০ "সেটাই সবাইকে অবাক করেছিল।" — সবাই অবাক হয়েছিল কেন ?

উত্তর :

=============



https://neucademy.com/

NEUCADEMY



[ Extra page for correction, if any ]



https://neucademy.com/